



## তুরস্কে বিমান বিধ্বস্ত হয়ে নিহত লিবিয়ার সেনাপ্রধান



সংগৃহীত ছবি

তুরস্কের আকাশে ঘটে যাওয়া এক মর্মান্তিক বিমান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন লিবিয়ার সেনাপ্রধান মোহাম্মদ আলী আহমেদ আল-হাদ্দাদ। একই ঘটনায় দেশটির আরও চারজন শীর্ষ কর্মকর্তা নিহত হয়েছেন। বৈদ্যুতিক ত্রুটির কারণে জরুরি অবতরণের চেষ্টা চলাকালে বিমানটি বিধ্বস্ত হয় বলে জানিয়েছে কর্তৃপক্ষ। মঙ্গলবার (২৩ ডিসেম্বর) তুরস্ক থেকে লিবিয়ার রাজধানী ত্রিপোলির উদ্দেশে রওনা দেওয়া একটি প্রাইভেট জেট আস্কারার অদূরে দুর্ঘটনার কবলে পড়ে। ফ্যালকন ফিফটি মডেলের ওই বিমানটিতে লিবিয়ার সেনাপ্রধান মোহাম্মদ আলী আহমেদ আল-হাদ্দাদসহ মোট পাঁচজন কর্মকর্তা ছিলেন। উড্ডয়নের কিছু সময় পরই বিমানটিতে বৈদ্যুতিক ত্রুটি দেখা দেয়। পরিস্থিতি সামাল দিতে পাইলট জরুরি অবতরণের অনুমতি চাইলেও এর মধ্যেই বিমানটিতে বিস্ফোরণ ঘটে এবং নিয়ন্ত্রণ হারিয়ে সেটি মাটিতে আছড়ে পড়ে। দুর্ঘটনাগুলি আস্কারার একটি বিমানবন্দরের খুব কাছাকাছি এলাকায় অবস্থিত বলে জানানো হয়েছে। দুর্ঘটনার পরপরই উদ্ধার তৎপরতা শুরু হলেও বিমানে থাকা কেউই বেঁচে যাননি। তবে এই ঘটনায় নাশকতার কোনো প্রমাণ পাওয়া যায়নি বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। প্রাথমিক তদন্তে এটিকে যান্ত্রিক ত্রুটিজনিত দুর্ঘটনা হিসেবেই দেখা হচ্ছে।

উল্লেখ্য, লিবিয়া সরকারের ভাড়া করা ওই বিমানে করে তুরস্কে রাষ্ট্রীয় সফরে গিয়েছিলেন সেনাপ্রধান আল-হাদ্দাদ ও তাঁর সফরসঙ্গীরা।

সূত্র: রয়টার্স